

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ৩৩

অগ্রহায়ণ ১২, ১৪৩১

তারিখ : -----

নভেম্বর ২৭, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অগ্রিম প্রাপ্ত রঞ্জানিমূল্যের বিপরীতে চামড়া ও চামড়াজাত দ্রব্য রঞ্জানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৫, তারিখ মে ০৪, ২০১১-এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম রঞ্জানিমূল্যের বিপরীতে চামড়া ও চামড়াজাত দ্রব্য রঞ্জানিতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারটির (গ) উপর্যুক্ত নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

“(গ) যে দেশে পণ্য রঞ্জানি করা হবে সে দেশ থেকে সংশ্লিষ্ট রঞ্জানি মূল্য প্রত্যাবাসিত হতে হবে। এছাড়া ভিন্ন দেশ থেকে রঞ্জানিমূল্য প্রত্যাবাসিত হলেও নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে নগদ সহায়তা প্রদেয় হবে :

- ১) রঞ্জানি আদেশ প্রদানকারী থেকে বা রঞ্জানি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এবং প্রতিপাদ্য উৎস থেকে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রঞ্জানিমূল্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হতে হবে ;
- ২) নগদ সহায়তার আবেদন প্রক্রিয়াকরণের পূর্বে পণ্য রঞ্জানির বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে স্বীকৃত ট্রাকিং পদ্ধতি/কাস্টমস কর্তৃপক্ষের এক্সপোর্ট জেনারেল মেনিফেস্টের মাধ্যমে নিশ্চিত হতে হবে এবং উক্ত তথ্যাদি (প্রিন্টেড কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ”

০২। এ সার্কুলার জারির তারিখ হতে জাহাজীকৃত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে। পূর্বের কোনো অনিষ্পত্তি বিষয়ে কিংবা অডিট আপন্তি রয়েছে এমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে এ সার্কুলার প্রযোজ্য হবে না।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-আর-রশিদ)

পরিচালক (এফইপিডি)

ফোন : ৯৫৩০১২৩